

ইচ্ছা করে ইচ্ছাময় নাশিবারে বংশ।
 দুর্ব্বাসা মুনির শাপে যদুকুল ধ্বংস।।
 নিম্ববৃক্ষে কৃষ্ণ মরে মারিল অঙ্গদ।
 সে তারা সতীর শাপ এই স্থলে শোধ।।
 গান্ধারীর শাপে যদি যদুবংশ ক্ষয়।
 তবে কেন যদুবংশে বজ্রবীর রয়?
 যদি বল দুর্ব্বাসার শাপে হয় ক্ষয়।
 ইচ্ছাময়ের ধ্বংস ইচ্ছা এর অগ্রে হয়।।
 দেখিতে দেখার আছে অনেক দ্রষ্টব্য।
 মূলে ভূভার হরণ, তারণ সুসভ্য।
 তিন যুগে পাষণ্ডের মস্তক ছেদন।
 কলিতে পাষণ্ড সব নামাস্ত্রে দলন।।
 ধন্য ধন্য অবতীর্ণ চৈতন্য-নিতাই।
 নাম দিয়া উদ্ধারিল জগাই মাধাই।।
 সেই নাম প্রেম মধ্যে কলি প্রবেশিল।
 প্রকৃতি স্থানে বিন্দু প্লাবিত হইল।।
 কৃষ্ণের প্রতিজ্ঞা ভাগবতের বচন।
 যুগে যুগে করিবেন ভূভার হরণ।।
 সে কারণ অবতার হৈলা প্রয়োজন।
 অবনীতে অবতীর্ণ পূর্ণরক্ষা হন।।
 অগ্রে পাতকীর শিরোচ্ছেদ ধনু অস্ত্রে।
 এ যুগেতে প্রেমদান হরিনাম মস্ত্রে।।
 সব যুগে ভূভার হরিল নারায়ণ।
 এবে কৃষ্ণ-ভক্ত-আদি করিতে শোধন।।
 কৃষ্ণ-ভক্ত শৌচ আচরণ কুটিনাটী।
 শুদ্ধ-প্রেম-ভক্তি বৈষ্ণবেতে পড়ে ক্রটি।।
 জীবোদ্ধার প্রেমদান প্রতিজ্ঞা পালন।
 অন্নপূর্ণা শচী বাঙ্গা করিতে পূরণ।।
 নারদপুরাণে আছে নারদ সংবাদে।
 নারদের কাছে হরি কহিলা আহ্লাদে।।
 “কলৌ প্রথমসন্ধ্যায়ং লক্ষ্মীকান্তো ভবিষ্যমি।
 সন্ন্যাসগৌর বিগ্রহে সান্ত্বয়ে পুরুষোত্তমে”।।”

এইসব কুটিনাটী খণ্ডন কারণ।
 জীব উদ্ধারের জন্য হইল মনন।।
 সে কারণ অবতার হৈল প্রয়োজন।
 সফলানগরী যশোবন্তের নন্দন।।
 নবদ্বীপে আসি গোরা জীব উদ্ধারিল।
 পরে শ্রীপুরাণোত্তম লীলা সম্বরিল।
 একদিন ভক্তগণ সঙ্গেতে করিয়া।
 কীর্তন করেন গোরা নাচিয়া নাচিয়া।।
 মন্দিরের দ্বারে গিয়া ভক্তগণ সঙ্গে।
 জগন্নাথ বেড়িয়া নাচেন নানা রঙ্গে।।
 নাচিতে নাচিতে প্রবেশিল শ্রীমন্দিরে।
 প্রেমে মত্ত জগন্নাথে প্রদক্ষিণ করে।।
 নাচিতে নাচিতে প্রেমে পুলকিত অঙ্গ।
 জগন্নাথে-মুখচন্দ্রে পশিল গৌরাঙ্গ।।
 কীর্তনান্তে গৌর বিনে সকলে অস্থির।
 সবে বলে প্রভু কেন না হন বাহির।।
 অতি উৎকণ্ঠিত সবে উচাটন মন।
 মন্দির-ভিতরে সবে করিল গমন।।
 কেহ বা বাহিরে কেহ মন্দির-ভিতর।
 সবে কাঁদে না দেখিয়া গৌরাঙ্গ সুন্দর।।
 প্রভুকে না দেখি সবে করে হাহাকার।
 কেহ বা ধরায় পড়ে জ্ঞান নাহি আর।।
 কেহ বা মূর্ছিত হয়ে পড়েছে ধরায়।
 কেহ বা চৈতন্য পেয়ে করে হায়! হায়!।।
 কেহ বা জগবন্ধু পদ ধরি কয়।
 ‘কহ জগবন্ধু! জগবন্ধু কোথায়?
 কেহ ধরে হস্তপদ কেহ ধরে’ কোল।
 ‘মোদের গৌরাঙ্গ কোথা বোল বোল বোল’।।
 একদৃষ্টে কেহ করে মুখ দরশন।
 মুখ মধ্যে দেখে তাঁর গেরুয়া বসন।।